

স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম ৯২৪০ জনের প্রশিক্ষণ ব্যবস্থা

চাকরি নিয়ে ডেস্ক

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এবং সুইজারল্যান্ড সরকারের অর্থায়নে ও বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আওতায় তিন বছরে প্রশিক্ষণ পাবে ৯ হাজার ২৪০ তরুণ-তরুণী। বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউটের সঙ্গে সেপ প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে ২০১৫ সালের এপ্রিল থেকে। চলবে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত। এর মধ্যে ঢাকা ও ঢাকার বাইরে মোট চার হাজার ৭৩৫ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আরও চার হাজার ৫০৫ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ নিতে চাইলে আবেদন করতে পারেন আপনিও। আবেদন করতে হবে ২৭ নভেম্বরের মধ্যে। যেসব বিষয়ে প্রশিক্ষণ বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন [বাইওয়া]-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট। স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আওতায় লেদ মেশিন অপারেশন, ওয়েল্ডিং, ইলেকট্রিক্যাল, ক্যাড-ক্যাম ডিজাইন, সিএনজি অপারেশন, রেফ্রিজারেশন, এয়ারকন্ডিশনিং ও ইলেকট্রিক্যাল কোর্স ছাড়াও দেওয়া হবে ক্যাড-ক্যাম ডিজাইন, সিনএসি অপারেশন ট্রেনিং। যোগ্যতার মাপকাঠি প্রশিক্ষণ কোর্সকে দুই ভাগে ভাগ করা হয়েছে। আপস্কিল ও ফেশার। আপস্কিল : এই ক্যাটাগরিতে মাস্টার ক্রাফটসম্যানশিপ কোর্সে ১৫ দিন চার ঘণ্টা করে মোট ৬০ ঘণ্টার প্রশিক্ষণ দেওয়া হবে। লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পে তিন বছরের অভিজ্ঞতা থাকলে অংশ নিতে পারবেন এ কোর্সে। বয়স হতে হবে কমপক্ষে ১৬ বছর। ফেশার : ওপরের বিষয়গুলো ছাড়া বাকি সব কোর্সে সুযোগ পাবেন ফেশাররা। বয়স হতে হবে কমপক্ষে ১৮ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর। লেদ মেশিন অপারেশন, মিলিং মেশিন অপারেশন, ওয়েল্ডিং ও ক্যাড-ক্যাম ডিজাইনের কোর্সের মেয়াদ ছয় মাস, সিনএসি অপারেশন কোর্সে এক বছর, রেফ্রিজারেশন অ্যান্ড এসি টেকনিশিয়ান ও ইলেকট্রিক্যাল কোর্সে চার মাসের প্রশিক্ষণ দেওয়া হবে। লেদ মেশিন অপারেশন, মিলিং মেশিন অপারেশন, ওয়েল্ডিং, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ও ইলেকট্রিক্যাল কোর্সে অষ্টম শ্রেণি পাস হলেই ভর্তি হওয়া যাবে। ক্যাড-ক্যাম ডিজাইন, সিনএসি অপারেশন কোর্সে ভর্তির যোগ্যতা এইচএসসি বা ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। প্রার্থী যাচাই প্রার্থীদের আবেদন করতে হবে ডাকযোগে। খামের ওপর ট্রেডের নাম লিখতে হবে। আর প্রার্থী বাছাই করা হবে সাক্ষাৎকারের মাধ্যমে। সাক্ষাৎকার নেওয়া হবে ২৮ নভেম্বর সকাল সাড়ে ১০টা থেকে। সাক্ষাৎকারে প্রার্থীর আচার-ব্যবহার, কেন প্রশিক্ষণ নিতে চায় বা প্রশিক্ষণ নিয়ে সে কীভাবে কী করতে চায়, সে বিষয়ে জানতে চাওয়া হবে। অগ্রাধিকার পাবে সুবিধাবঞ্চিত, নারী, উপজাতি ও নৃগোষ্ঠীর লোকেরা। প্রশিক্ষণ প্রক্রিয়া আধুনিক উপকরণ ও অভিজ্ঞ প্রশিক্ষকদের মাধ্যমে দেওয়া হবে প্রশিক্ষণ। ৮০ শতাংশ প্রশিক্ষণ দেওয়া হবে হাতে-কলমে। আর ২০ শতাংশ তত্ত্বীয়। ভাতা ও চাকরি কোর্স চলাকালে প্রত্যেক শিক্ষার্থীকে মাসে তিন হাজার টাকা হারে ভাতা দেওয়া হবে। মাস্টার ক্রাফটসম্যানশিপ কোর্সের জন্য দেওয়া হবে এক হাজার ৫০০ টাকা। বৃত্তির টাকা ব্যাংকের মাধ্যমে দুই কিস্তিতে পাওয়া যাবে। শতভাগ উপস্থিতি নিশ্চিত হলে তবেই মিলবে মাসিক ভাতা। প্রশিক্ষণপ্রাপ্ত ৭০ শতাংশের চাকরির ব্যবস্থা করা হবে। কোর্স শেষে দেওয়া হবে সনদ। এ ছাড়া প্রশিক্ষণার্থীর নাম অন্তর্ভুক্ত করা হবে জাতীয় দক্ষতা ডাটাবেজে। আবেদন প্রক্রিয়া বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউটের www.beioa.org.bd -এই ওয়েবসাইটে পাওয়া যাবে আবেদন ফরম। জানা যাবে আবেদন বিস্তারিত। এ ছাড়া বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন, ৩৮ টিপু সুলতান রোড, ওয়ারী, ঢাকা-১২০৩ এবং বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট, প্যারাডাইজ ভবন, ২ ফোল্ডার স্ট্রিট, ওয়ারী, ঢাকা-১২০৩ ঠিকানায় যোগাযোগ করেও জেনে নিতে পারেন কোর্স বিস্তারিত। চাইলে ফোনও করতে পারেন

০২-৯৫৩২৩৭২ [এক্স-১০৬, ১০৭], ০১৯১৭১৭০১৬৮, ০১৯১২১১০২২, ০১৭২০০৫৬১৭৭ -এই
নম্বরগুলোতে।

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮